# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

# নয়াবাজার শাখা

## বিজ্ঞ আদালত হইতে অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারামতে দখল ও ভোগের অধিকার স্বত্বে প্রাপ্ত সম্পত্তির নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, এর খেলাপী ঋণগ্রহীতা মেসার্স তানজীল এন্টারপ্রাইজ, মালিক- এ এস এম ইসমাইল, ব্যবসায়িক ঠিকানাঃ ৩০/৩/এ, জিন্দাবাহার (দ্বিতীয় তলা), নয়াবাজার, ঢাকা, গুদামের ঠিকানাঃ ২৫, জিন্দাবাহার প্রথম লাইন, নয়াবাজার, ঢাকা এবং আগানগর, কেরানিগঞ্জ, ঢাকা এবং মাসুমা আক্তার (এ এস এম ইসমাইল এর সহধর্মিনি), ঠিকানাঃ ৪২, হরনার ঘোষ লাইন, লালবাগ, ঢাকা এর বিরুদ্ধে ব্যাংকের পাওনা টাকা আদায়ের উদ্দেশ্যে ঢাকা জেলার অর্থঋণ আদালত নং ৩ এর ১৮০/২০১৬ নং অর্থঋণ মামলা দায়ের করা হইলে বিজ্ঞ আদালত ব্যাংকের অনুকুলে রায় ও ডিক্রী প্রদান করেন এবং সেমতে ১৫১৬/২০১৯ নং অর্থজারী মোকদ্দমায় বিজ্ঞ জজ, অর্থঋণ আদালত ০৩, ঢাকা, অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারা মোতাবেক উক্ত ঋণের জামানত হিসাবে বন্ধককৃত নিম্ন তফসিল বর্নিত সম্পত্তি দখল ও ভোগের অধিকার সহ বিক্রয় করিবার অধিকার ডিক্রিদার ব্যাংকের অনুকুলে ন্যস্ত করিয়া সনদপত্র প্রদান করিয়াছেন যাহা নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স'ায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

## নিলামের শর্তাবলী

১) প্রকৃত নিলাম ক্রেতা বা প্রকৃত দরদাতা তাহার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ফোন নাম্বার, প্রস্তাবিত দর অংকে ও কথায় উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে আগামী ০৭/০৪/২০২৫ ইং তারিখে বিকাল ২.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, ঢাকায় রক্ষিত নির্দিষ্ট দরপত্র বাক্সে জমা প্রদান অথবা রেজিষ্ট্রীকৃত ডাকযোগে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দরপত্র দাখিল করিতে হইবে (রেজিষ্ট্রীকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখ ও সময়ের মধ্যে না পৌঁছাইলে তাহা গ্রহণযোগ্য হইবে না)। ঐদিন বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দাখিলকৃত দরপত্রের সীলমোহরকৃত খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র প্রস্তাব" উল্লেখ করিতে হইবে। দরপত্র দাতাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

২) প্রত্যেক দরদাতার দরপত্রে উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার

১০% এর সমপরিমাণ টাকার জামানতস্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি,নয়াবাজার শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩) অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আইন অনুযায়ী জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে।

৪) উপরোক্ত ৩ নং অনুচ্ছেদ এর অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর অনুচ্ছেদ-৪এ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইতে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে।

৫) তফসিলোক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, পৌরসভা, সিটি কর্পোরেশন, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, পল্লী বিদ্যুৎ, ভূমি উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে। উক্ত বকেয়া বা পাওনা পরিশোধের কোন দায়-দায়িত্ব ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, ঢাকা এর উপর বর্তাইবে না।

৬) একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৭) কম জামানত বা জামানত বিহীন দরপত্র/ ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হইবে।

৮) দরপত্র প্রদত্ত সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক তাহা গ্রহণে বাধ্য থাকিবে না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ/গৃহীত বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯) দরপত্র জমা দেওয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১০) সফল দরদাতাকে সরকারী বিধি বিধান মোতাবেক যাবতীয় হস্তান্তর ফি:, রেজিঃ খরচ, ভ্যাট/ মূল্য সংযোজন কর, ষ্ট্যাম্প ডিউটি, অন্যান্য শুল্ক এবং দলিল নিবন্ধন সংক্রান্ত অন্যান্য যাবতীয় আনুষাঙ্গিক খরচাদি বহন করিতে হইবে।

১১) সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া ও ব্যয়ভার নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

১২) দখল হস্তান্তরের সময় ব্যাংকে রক্ষিত সম্পত্তির মালিকানা সম্পর্কিত যাবতীয় কাগজাদি হস্তান্তর করা হইবে। ইহার অতিরিক্ত কোন কাগজাদি দরকার হইলে ক্রেতাকে নিজ দায়িত্বে সংগ্রহ করিতে হইবে।

১৩) গৃহীত হয়নি অথবা সফল হয়নি এইরূপ দরপত্র দাতাদের জামানতের টাকা ফেরত দেওয়া হইবে।

১৪) দরপত্র দাতা দরপত্রে কোন প্রকার শর্তারোপ করিতে পারিবে না এবং নিলাম বিক্রয় অনুষ্ঠান করা সম্ভব না হইলে তাহার জন্য কোন ক্ষতিপূরণ / সুদ প্রদান করা হইবে না।

১৫) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

**SCHEDULE OF THE PROPERTY**

All that piece and parcel of land measuring (265+330) = 595 Ajutansha along with 04 (four) storied under construction building with 6(six) storied foundation total measuring 4800 sqft. at holding No.62, ward No.04, Lane No.02, Baitun Najat Jamea Masjid Road, Dakkhinkhan, Uttara, Dhaka, within Dhaka North City Corporation under District-Dhaka, Police station, Dakkhin Khan & Sub-Registry Office– Badda under Dhaka Collectorate Touzi No.1185, J.L. No. Sabek 197, Hal 15; Mouza – Purakoir, Khatian No. C.S. 15, 37, S.A. Khatian 36, 242, R.S. khatian No. 5, 86, Dhaka City Jorip Khatian No. 934, C.S & S.A Dag No 244 & 249 R.S. Dag No. 582 & 583, Dhaka City Jorip Dag No. 5131 Mutation Khatian No.586, Mutation Jote No.107/3 along with all structures constructed and/or any other structures to be constructed thereon with all right, title, interest, easements etc. attached or appertaining to the land which is butted and bounded by on the North: Tobarak Hossain, on the South: Road, on the East: Abdul Haque and On the West: Road.

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নয়াবাজার শাখা, ঢাকা।